দৈনিক ইত্তেফাক

তারিখ ................

পৃষ্ঠা ১৪ কলাম ৪ ......

SEP. 22 2002

# ডঃ আফতাব আহমদের ঢাবি শিক্ষক সমিতির সদস্যপদ পুনর্বহাল

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ডেভেলপমেন্ট স্টাডিজের চেয়ারম্যান ডঃ আফতাব আহমদের সদস্যপদ ফিরিয়ে দিয়েছে। গতকাল শনিবার সন্ধ্যায় শিক্ষক সমিতির সভাপতি ডঃ আবুল খায়েরের সভাপতিত্বে কার্যকরী পরিষদের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। গত বছরের জানুয়ারী মাসে ডঃ আফতাব আহমদকে শিক্ষক সমিতি থেকে বহিষ্কার করা হয়। পরে ডঃ আফতাব আদালতের মাধ্যমে শিক্ষক সমিতিকে কয়েকবার উকিল নোটিস পাঠায়। উকিল নোটিসের প্রেক্ষিতে গতকাল শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের সভায় এ সিদ্ধান্ত হয়।